# REGIONAL NEWS UNIT
# ALL INDIA RADIO, AGARTALA
# Date : 05-08-2025
# Time: 07.35-07.40 AM Hrs
# BENGALI MORNING BULLETIN

---

**Har Ghar Tiranga–CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, দেশসেবায় সমর্পিত শহীদ বীর সেনানীদের প্রতি শ্রদ্ধা জানিয়ে সারা দেশের সাথে রাজ্যেও পালিত হচ্ছে "হর ঘর তিরঙ্গা" অভিযান। মোট তিনটি পর্যায়ে এই কর্মসূচি অনুষ্ঠিত হচ্ছে।

######## Byte–CM ########

তিনি রাষ্ট্রীয় চেতনায় উদ্বুদ্ধ এই কর্মসূচিকে সফল করার আহবান জানান।

***********************************

**PM–Kartavya Bhavan :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল দিল্লির কর্তব্যপথে কর্তব্য ভবন পরিদর্শন ও উদ্বোধন করবেন। এটি প্রধানমন্ত্রীর আধুনিক, দক্ষ এবং নাগরিক–কেন্দ্রিক প্রশাসনের দৃষ্টিভঙ্গির প্রতি সরকারের প্রতিশ্রুতির এক বড় মাইলফলক হিসাবে চিহ্নিত হবে। সন্ধ্যায় তিনি এক জনসভায় ভাষণ দেবেন।

***************************

**Paddy Procured :**

খাদ্য দপ্তরের উদ্যোগে এবং কৃষিদপ্তরের সহায়তায় চলতি রবি মরশুমে বিলোনীয়ার তিনটি স্থানে কৃষকদের কাছ থেকে কুইন্টাল প্রতি ২,৩০০ টাকা ন্যূনতম সহায়ক মূল্যে ধান ক্রয় করা হবে। এরমধ্যে রাজনগর নিউ মোটরস্ট্যান্ডে ৫ আগস্ট থেকে ১২ আগস্ট পর্যন্ত, বিলোনীয়া কোল্ড স্টোরেজে

১২ এবং ১৩ আগস্ট এবং নিউ লক্ষ্মীপুর স্টোরে ১৬ আগস্ট থেকে ১৯ আগস্ট পর্যন্ত ধান ক্রয় করা হবে।

****************************

**Lalit Kala Akademi Award :**

ত্রিপুরা রাজ্যের বিশিষ্ট শিল্পী তপতী ভৌমিক মজুমদার ললিত কলা একাডেমী পুরস্কারের জন্য মনোনীত হয়েছেন। দিল্লির ললিতকলা একাডেমির আর্ট গ্যালারিতে আজ থেকে শুরু হচ্ছে ৬৪তম "রাষ্ট্রীয় কলা প্রদর্শনী"। কেন্দ্রীয় সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত এর উদ্বোধন করবেন। এই প্রদর্শনীতে সারা দেশ থেকে ২৮৩টি শিল্পকর্ম প্রদর্শনের জন্য নির্বাচন করা হয়েছে। তারমধ্যে কুড়িটি শিল্পকর্ম, ললিত কলা একাডেমী পুরস্কারের জন্য নির্বাচিত হয়েছে। এরমধ্যে পেইন্টিং বিভাগে রয়েছে ১১টি, স্কাল্পচারে পাঁচটি, প্রিন্ট মেকিং এ দুটি, ফটোগ্রাফিতে একটি এবং অন্যান্য বিভাগে আরো একটি। ত্রিপুরা রাজ্যের বিশিষ্ট শিল্পী তপতী ভৌমিক মজুমদারের শিল্পকর্ম পেন্টিং বিভাগে নির্বাচিত হয়েছেন।

****************************

**Package Story–Agriculture :**

রাজ্যের আর্থিক অগ্রগতির মূল ভিত্তি হচ্ছে কৃষি। তাই কৃষিকে সর্বাধিক প্রাধান্য দিয়ে কৃষকদেরর আয় দ্বিগুণ করার পাশাপাশি উচ্চ ফলনশীল কৃষি পণ্যের উৎপাদন বাড়াতে বিভিন্ন পরিকল্পনা রূপায়ণ করছে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর। সেই উন্নয়ন পরিকল্পনার সুফল পাচ্ছেন কাঞ্চনপুর মহকুমার কৃষকরাও। এ নিয়ে একটি প্রতিবেদন।

#########VC#######

****************************

**Har Ghar Tiranga- Khowai :**

খোয়াই মহকুমাভিত্তিক স্বাধীনতা দিবস যথাযথভাবে উদযাপনের লক্ষ্যে গতকাল মহকুমা শাসক শীর্ষেন্দু দেববর্মার পৌরহিত্যে এক বৈঠক অনুষ্ঠিত

হয়। বৈঠকে এ বছর স্বাধীনতা দিবস উপলক্ষ্যে হর ঘর তিরঙ্গা কর্মসূচি রূপায়নের ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়।

**************************

**Independence Day-Meeting :**

আগামী ১৫ই আগস্ট স্বাধীনতা দিবসের মূল অনুষ্ঠান সুন্দরভাবে সম্পন্ন করতে গতকাল আগরতলায় তথ্য সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্যের পৌরহিত্যে এক বৈঠক হয়। তিনি জানান, অন্যান্য বছরের মতো এবছরও মূল অনুষ্ঠানটি হবে আগরতলা আসাম রাইফেলস ময়দানে।

***********************

**Awareness Programme :**

ত্রিপুরা গ্রামীন আজীবিকা মিশনের রাজনগর ব্লক মিশন ম্যানেজমেন্ট ইউনিটের উদ্যোগে ব্লকের রাধানগর কমিউনিটি হলে বাল্য বিবাহ ও নেশা বিরোধী সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে জেলা শিশু সুরক্ষা ইউনিটের আধিকারিক প্রসেনজিৎ সিনহা বাল্যবিবাহ এবং নেশার কুফল সম্পর্কে জনগনকে সচেতন করেন।

**************************

**First Division :**

টিসিএ পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় জুয়েলস এসোসিয়েশন জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় তারা ৪–১ গোলে টাউন ক্লাবকে পরাজিত করে।

********************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় গোমতি, সিপাহীজলা এবং দক্ষিণ জেলায় বজ্র বিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের

সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের এর কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ ডিগ্রি সেলসিয়াস।

*****************************